

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রকল্প পরিচালকের কার্যালয়
 সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
 ই-১৪/এক্স, বিসিসি ভবন (৬ষ্ঠ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭।
 Web site: www.doict.gov.bd, Fax: +88-02-55006827



স্মারক নং- ৫৬.০৪.০০০.০০২.১১.০০৫.১৫-৫৭২

তারিখ: ১১.০৮.২০১৫খ্রি:

বিষয়: ভাষা প্রশিক্ষণ ল্যাবের 'মাস্টার ট্রেনার' এর জন্য ১০০০ প্রশিক্ষার্থী শিক্ষক নির্বাচন পূর্বক ছক অনুযায়ী তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: অত্র প্রকল্প অফিসের স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.০১৮.০০১.১৫.১৫০(৭৪), তারিখ: ১৪/০৫/২০১৫ইং

সূত্রস্থ স্মারকে যোগাযোগে জানানো যাচ্ছে যে, আপনার ও জেলা প্রশাসনের সার্বিক সহযোগিতায় সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় ২০০০টি শিক্ষা প্রতিষ্ঠান চূড়ান্তভাবে নির্বাচনসহ স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধানের সাথে সহযোগিতা চুক্তিপত্র স্বাক্ষরিত হয়েছে। এ ২০০০টি প্রতিষ্ঠান হতে প্রতি জেলায় ০১টি করে ৬৪টি "ভাষা প্রশিক্ষণ ল্যাব" স্থাপিত হবে। ৬৪টি কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাবে ইংরেজী সহ নিম্নের ১০টি ভাষার উপর আইটি ভিত্তিক প্রশিক্ষণ প্রদান লক্ষ্যমাত্রা রয়েছে। প্রকল্প প্রস্তাবনা অনুযায়ী প্রতিটি বিষয়ে প্রত্যেক জেলায় ন্যূনতম একজন করে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক প্রশিক্ষণ প্রদান করা হবে। যারা পরবর্তীতে প্রতিটি ভাষা প্রশিক্ষণ ল্যাবে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের উদ্যোগে ও ব্যবস্থাপনায় এবং আপনার তত্ত্বাবধানে বৈদেশিক ভাষা শিক্ষায় আগ্রহী সকলকে প্রশিক্ষণ প্রদান করবেন। সারাদেশের ২০০০ টি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ১০০০ জন শিক্ষককে এ প্রশিক্ষণের মাধ্যমে "মাস্টার ট্রেনার" রূপে গড়ে তোলার লক্ষ্যে ০৩ (তিন) মাসব্যাপী নিবিড় প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হয়েছে। বিভাগীয় পর্যায়ে নির্ধারিত ভেন্যুতে/কেন্দ্রে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণকালে প্রত্যেক শিক্ষক দৈনিক ৫০০/-টাকা হারে প্রশিক্ষণ ভাতা পাবেন এবং কেন্দ্রে সার্বক্ষণিকভাবে অবস্থান করবেন। সম্ভাব্য আগামী অক্টোবর-ডিসেম্বর/২০১৫ইং সময়ে এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হবে।

প্রতি জেলার জন্য যে সকল ভাষার ওপর শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদান করা হবে:

সংখ্যা	ইংরেজি	কম্পিউটার ভাষা	আরবি	চাইনিজ	কোরিয়ান	জাপানিজ	রাশিয়ান	ফ্রান্স	স্পেনিস	জার্মানি
মুখ্য	২	১	১	১	১	১	১	১	১	১
বিকল্প	২	১	১	১	১	১	১	১	১	১
মোট	৪	২	২	২	২	২	২	২	২	২

প্রশিক্ষণে আগ্রহী শিক্ষকগণের প্রেরিতব্য তথ্য ছক:

ভাষার নাম	ক্র. নং	আগ্রহী শিক্ষকদের নাম ও বয়স	প্রতিষ্ঠানের নাম	শিক্ষাগত যোগ্যতা ও ভাষাগত অভিজ্ঞতা	ফোন নম্বর	মন্তব্য
	১					মুখ্য
	২					বিকল্প

উপরোক্ত অবস্থার আলোকে আপনার জেলায় ইতোমধ্যে কম্পিউটার ল্যাবের জন্য নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ হতে ইংরেজীতে ০২ জন সহ প্রতি ভাষায় ন্যূনতম ১জন করে মুখ্য ও ১ জন বিকল্প উপযুক্ত প্রশিক্ষার্থী শিক্ষক নির্বাচন করে আগামী ৩১শে আগস্ট, ২০১৫ইং তারিখের মধ্যে ছক অনুযায়ী তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

মো: এমসিএস হক
 অতিরিক্ত সচিব

ও
 প্রকল্প পরিচালক

ফোন:-৫৫০০৬৮২৫/ ৫৫০০৬৮২৬

জেলা প্রশাসক

ঢাকা/ফরিদপুর/গাজীপুর/গোপালগঞ্জ/জামালপুর/কিশোরগঞ্জ/মাদারীপুর/মানিকগঞ্জ/মুন্সিগঞ্জ/ময়মনসিংহ/নারায়নগঞ্জ/নরসিংদী/নেত্রকোনা/রাজবাড়ী/শরীয়তপুর/শেরপুর/টাঙ্গাইল/বাগেরহাট/চুয়
 ডাঙ্গা/যশোর/ঝিনাইদহ/খুলনা/কুষ্টিয়া/মাগুরা/মেহেরপুর/নড়াইল/সাতক্ষিরা/বগুড়া/চাঁপাইনবাবগঞ্জ/জয়পুরহাট/নীলগঞ্জ/নাটোর/পাবনা/রাজশাহী/সিরাজগঞ্জ/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ/সি
 লেট/বরগুনা/বরিশাল/ভোলা/ঝালকাঠি/পটুয়াখালী/পিরোজপুর/বান্দরবান/ব্রহ্মপাড়া/চাঁদপুর/চট্টগ্রাম/কুমিল্লা/কক্সবাজার/ফেনী/খাগড়াছড়ি/লক্ষ্মীপুর/নোয়াখালী/রাঙ্গামাটি/দিনাজপুর/গাইবান্ধা/
 কুড়িগ্রাম/লালমনিরহাট/নীলফামারী/পঞ্চগড়/রংপুর/ঠাকুরগাঁও

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৪। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্যালডক ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার (সকল),
- ৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা।
- ৮। সহকারী প্রকল্প পরিচালক, সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প
- ৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)
- ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
- ১১। অফিস কপি।